

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৮৬(আগরতলা-১৪।০৩)
তেলিয়ামুড়া, ১৪ মার্চ, ২০ ১৮।

খগেন্দ্র জমাতিয়ার বাসভবনে
গেলেন মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ দুপুরে রাজ্যের প্রাক্তন মন্ত্রী প্রয়াত খগেন্দ্র জমাতিয়ার ত্রিশাবাড়িস্থিত বাসভবনে যান এবং পরিবার-পরিজনদের সঙ্গে কথা বলেন। তিনি প্রয়াত প্রাক্তন মন্ত্রীর প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং তাঁর পরিবার-পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানান। সে সময় বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন তেলিয়ামুড়া থেকে নির্বাচিত বিধায়ক কল্যাণী রায় এবং কৃষ্ণপুর থেকে নির্বাচিত বিধায়ক ডা: অতুল দেববর্মা।

সেখানে উপস্থিত সাংবাদিকদের সঙ্গে কথা প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব প্রয়াত প্রাক্তন মন্ত্রীর প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, খগেন্দ্র জমাতিয়ার জীবন ছিলো অত্যন্ত সহজ সরল। মুখ্যমন্ত্রী শ্রী দেব এরপর তেলিয়ামুড়ার মোহরপাড়ার বিশিষ্ট সমাজসেবী বিক্রম বাহাদুর জমাতিয়ার সাথেও সাক্ষাৎ করেন।
